# জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ ছালাতুল জুম‘আ

রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(৯) জুম‘আর খুৎবা দুই রাক‘আত ছালাতের সমান

সমাজে উক্ত ধারণা প্রচলিত থাকলেও এর পক্ষে কোন ছহীহ হাদীছ নেই। বরং যেগুলো বর্ণিত হয়েছে তার সবই যঈফ।

(أ) عَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ أَنَّهُ قَالَ إِنَّمَا جُعِلَتِ الْخُطْبَةُ مَكَانَ الرَّكْعَتَيْنِ فَإِنْ لَمْ يُدْرِكِ الْخُطْبَةَ فَلْيُصَلِّ أَرْبَعًا.

(ক) ওমর (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন, খুৎবাকে দুই রাক‘আতের সমান করা হয়েছে। সুতরাং যে খুৎবা পাবে না সে যেন চার রাক‘আত ছালাত পড়ে নেয়।[1]

তাহক্বীক্ব : যঈফ। কারণ আমর ইবনু শু‘আইব ও ওমর (রাঃ)-এর মাঝে রাবী বাদ পড়েছে। আর আমর ইবনু শু‘আইব ওমর (রাঃ)-এর যুগ পাননি। অথচ হাদীছটি সরাসরি বর্ণনা করা হয়েছে।[2]

(ب) عَنْ عَبْدِ اللهِ بْنِ مَسْعُوْدٍ رَضِىَ اللهُ عَنْهُ قَالَ مَنْ أَدْرَكَ الْخُطْبَةَ فَالْجُمُعَةُ رَكْعَتَانِ وَمَنْ لَمْ يُدْرِكْهَا فَلْيُصَلِّ أَرْبَعًا.

(খ) আব্দুল্লাহ বিন মাসঊদ (রাঃ) বলেন, যে ব্যক্তি খুৎবা পাবে তার জন্য জুম‘আর ছালাত দুই রাক‘আত। আর যে খুৎবা পাবে না সে যেন চার রাক‘আত পড়ে নেয়।[3]

তাহক্বীক্ব : বর্ণনাটি মুনকার। যদিও হাফেয নূরুদ্দীন আলী ইবনে আবুবকর হায়ছামী (মৃঃ ৮০৭ হিঃ) এর রাবীদের নির্ভরযোগ্য বলেছেন।[4] ছহীহ হাদীছ রয়েছে যে, যে ব্যক্তি জুম‘আর ছালাতের এক রাক‘আত পাবে, সে আরেক রাক‘আত পড়ে নিবে।

عَنْ أَبِىْ هُرَيْرَةَ أَنَّ النَّبِىَّ قَالَ مَنْ أَدْرَكَ مِنَ الْجُمُعَةِ رَكْعَةً فَلْيُصَلِّ إِلَيْهَا أُخْرَى.

আবু হুরায়রাহ (রাঃ) হতে বর্ণিত, রাসূল (ছাঃ) বলেন, যে ব্যক্তি জুম‘আর ছালাতের এক রাক‘আত পাবে সে যেন তার সাথে পরের রাক‘আত পড়ে নেয়।[5]

## ফুটনোট

[1]. মুছান্নাফ ইবনে আবী শায়বা হা/৫৩৬৭, ২/১২৮।

[2]. সিলসিলা যঈফাহ হা/৫২০০; ইরওয়াউল গালীল হা/৬০৫; তানক্বীহ, পৃঃ ৪৩৮।

[3]. ত্বাবারাণী হা/৯৫৪৮।

[4]. মাজমাউয যাওয়াইদ হা/৩১৬৪।

[5]. ইবনু মাজাহ হা/১১২১; সনদ ছহীহ, ইরওয়াউল গালীল হা/৬২২, ৩/৮৪ পৃঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1985

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন